



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাতার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৮৮৯১০৮৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৮৮৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

রসায়ন বিভাগ আয়োজিত অনুষ্ঠানে জাবি উপাচার্য বললেন-
শিক্ষা ও গবেষণায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেয়াই তাঁর ব্রত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৩ নভেম্বর ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম বলেছেন, শিক্ষা ও গবেষণায় এ বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেয়াই তাঁর ব্রত। এ লক্ষ্যে একটি গবেষণা সেল গঠন করা হয়েছে। তিনি আশা করছেন, গবেষণা সেল বিশ্ববিদ্যালয়কে আন্তর্জাতিক র্যাথকিং এ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাম অন্তর্ভুক্ত করাতে সক্ষম হবে। উপাচার্য তাঁর বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-গবেষকদের তাঁদের গবেষণা প্রবন্ধ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং আন্তর্জাতিক জার্নালে প্রকাশের আহবান জানান। আজ রসায়ন বিভাগ আয়োজিত তাঁকে দেয়া সংবর্ধনা, নবীন-বরণ ও বিদ্যায়ী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্যে এসব কথা বলেন। রসায়ন বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. মো. আরজু মিয়ার সভাপতিত্বে বেলা সাড়ে দশটায় রসায়ন গ্যালারিতে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে উপাচার্য তাঁর বক্তব্যে নবীন শিক্ষার্থীদের স্বাগত ও শুভেচ্ছা জানান। তিনি বিদ্যায়ী শিক্ষার্থীদের কর্মক্ষেত্রে সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক, রসায়ন বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মো. ইলিয়াস মোল্লা। অনুষ্ঠানে উপাচার্য ‘প্রসেফর ড. মেসবাহ উদ্দিন এবং প্রফেসর ড. সৈয়দ সফিউল্লাহ বৃত্তি’, ‘প্রফেসর আব্দুল আওয়াল মেমোরিয়াল বৃত্তি’ এবং ‘আসগর-আশরাফুল্লেসা ট্রাস্ট ফাউন্ডেশন বৃত্তি’ প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে বৃত্তি প্রদান করেন। অনুষ্ঠান সম্পন্ন করেন অধ্যাপক ড. শাহেদ রাণা। অনুষ্ঠানের শুরুতে বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীরা ফুল ও ক্রেস্ট দিয়ে উপাচার্যকে বরণ করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

